

একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-৫ শাখা
www.moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৮.৩২.০০০১.২৬

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সভার নোটিশ

বিষয়: গাজীপুর জেলায় ইনসার্ভিস ট্রেনিং সেন্টার ও ফায়ারিং বাট, ডিএমপি'র “লজিস্টিকস বেইজ” এর নিজস্ব ভবন এবং ডিএমপি'র “ডাম্পিং গ্রাউন্ড” এর নিজস্ব ভবন নির্মাণের নিমিত্ত জমি অধিগ্রহণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ এপ্রিল ২০২৬ তারিখ বেলা ০২.৩০ ঘটিকায় নিম্নবর্ণিত জমি অধিগ্রহণের প্রস্তাবসমূহ বিবেচনার নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গঠিত ভূমি বরাদ্দ কমিটির আহবায়ক ও এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব, পুলিশ-২ অধিশাখা এর সভাপতিত্বে তার অফিস কক্ষে (কক্ষ নং-১০৮, দ্বিতীয় তলা, ভবন নং-০৮) একটি সভা অনুষ্ঠিত হবে।

ক্রম	শিরোনাম	প্রস্তাবের বিষয়	জমির পরিমাণ
১.	ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, গাজীপুর ও ফায়ারিং বাট নির্মাণ	ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, গাজীপুর ও ফায়ারিং বাট নির্মাণের নিমিত্ত গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলাধীন জানের চালা মৌজার ৫.০০ একর ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের প্রস্তাব	০৫.০০ একর
২.	ডিএমপি'র “লজিস্টিকস বেইজ” এর নিজস্ব ভবন নির্মাণ	ডিএমপি'র “লজিস্টিকস বেইজ” এর নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে ঢাকা জেলার ডেমরা থানাধীন মৌজা কায়েতপাড়া, জেএল নং-১৩ এর মহানগর বিভিন্ন খতিয়ান ও দাগ হতে ০৫.০০ (পাঁচ) একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের প্রস্তাব	০৫.০০ একর
৩.	ডিএমপি'র “ডাম্পিং গ্রাউন্ড” এর নিজস্ব ভবন নির্মাণ	ডিএমপি'র “ডাম্পিং গ্রাউন্ড” এর নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে ঢাকা জেলার ডেমরা থানাধীন মৌজা কায়েতপাড়া, জেএল নং-১৩ এর মহানগর বিভিন্ন খতিয়ান ও দাগ হতে ১০.০০ (দশ) একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের প্রস্তাব	১০.০০ একর

২.০। উক্ত সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৫ প্রস্থ সংযুক্ত।

Nasrin

১৩-০৪-২০২৬

নাসরীন সুলতানা

উপসচিব

ফোন : +৮৮০২৪৭১২৪৩৫৭

ইমেইল : police5@moha.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জমি অধিগ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসকের মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় তাঁর প্রতিনিধিকে প্রয়োজনে প্রস্তাবিত এলাকা সরেজমিন পরিদর্শনপূর্বক তথ্যাদি সভায় উপস্থাপনের (মৌখিক/লিখিত) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো) এবং
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (জমি অধিগ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসকের মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় তাঁর প্রতিনিধিকে প্রয়োজনে প্রস্তাবিত এলাকা সরেজমিন পরিদর্শনপূর্বক তথ্যাদি সভায় উপস্থাপনের (মৌখিক/লিখিত) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, প্রশাসন-২ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সভায় আপ্যায়ন/লাঞ্ছের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতির অনুরোধসহ)।
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (নোটিশটি ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) এবং
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, পুলিশ-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (যুগ্মসচিব পুলিশ-২ অধিশাখা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

